

সংগঠন
সংগঠন

তারিখ : 15 JAN 20 3
পৃষ্ঠা : ১৬

ডিগ্রি পরীক্ষার প্রশ্নপত্র

ফাঁস : রংপুরে বিক্রি

হচ্ছে চড়া দামে

রংপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত চলতি ডিগ্রি পাস পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার তরুতর অভিযোগ উঠেছে। ফাঁস হয়ে যাওয়া প্রশ্নপত্রগুলো রংপুরে প্রতি নেট ফাঁস : পৃষ্ঠা : ২ কলাম : ৩

ফাঁস : প্রশ্নপত্র

(পেচ পৃষ্ঠার গুণ)

তিন থেকে চার হাজার টাকায় বিক্রি হচ্ছে বলে জানা গেছে।

গত এক মাস ধরে রংপুর জেলায় এক শ্রেণীর দাম্যাদ ঢাকা থেকে নিয়ে আসা হওয়া প্রশ্নপত্র বিভিন্ন পরীক্ষার্থীর কাছে বিক্রি করে আসছে। বিক্রি হওয়া ওইসব প্রশ্নপত্রের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডিগ্রি পাস পরীক্ষার প্রশ্নপত্রের ছবি মিল রয়েছে।

গত ৩১ ডিসেম্বর থেকে শুরু হওয়া পরীক্ষার বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্রের হাতে লেখা ফটোকপি কপি প্রায় এক মাস আগে থেকেই রংপুর অঞ্চলের আট জেলায় চড়া দামে বিক্রি হতে দেখা গেছে। গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের দ্বিতীয় পত্রের প্রশ্নের ফটোকপি কপিও এই অঞ্চলের অনেক পরীক্ষার্থীর হাতে চলে যায়। গতকাল অনুষ্ঠিত পরীক্ষার ১০টি প্রশ্নের মধ্যে বাতমরে পাওয়া ফটোকপি কপিতে পাওয়া একটি প্রশ্নের ছবি মিল রয়েছে। বাকি দু'টি প্রশ্নেরও অনেকটা মিল পাওয়া গেছে।